২৮৪
০৯/০২/২৬

উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, পাবনা।

স্বাক্ষর -
তারিখ - ০৯/০২/২৬

| | |
|---|---|
| ডিডিও/ এডিডি শস্য/পিপি/উদ্যান কৃষি প্রকৌশলী | জরুরী / গোপনীয় |
| এসএএও সার/পিপি/উন্নয়ন/ | আলাপ করুন |
| প্রধান সহকারী/পিএ/স্টোর কিপার | ব্যবস্থা নিন |
| অফিস সহকারী/ক্যাশিয়ার | নথিতে পেশ করুন |
| | অনুলিপি দিন |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
উদ্ভিদ সংরক্ষণ উইং
খামারবাড়ি, ঢাকা-১২১৫।

স্মারক নং- ১২.১১.০০০০.০১১.১৪.২৫/১৫৮ তারিখ: ৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

বিষয়: **prism.dae.gov.bd এ বালাইনাশক লাইসেন্সিং অটোমেশন সিস্টেম চালু ও ম্যানুয়াল লাইসেন্স প্রদান বন্ধকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতাধীন বালাইনাশক লাইসেন্সিং কার্যক্রমকে আরও স্বচ্ছ, সহজ ও ডিজিটাল ব্যবস্থার আওতায় আনার লক্ষ্যে **prism.dae.gov.bd** প্ল্যাটফর্মে বালাইনাশক পাইকারী/খুচরা লাইসেন্সসমূহ অনলাইন পদ্ধতিতে প্রদানের জন্য বালাইনাশক লাইসেন্সিং অটোমেশন সিস্টেম সম্পূর্ণরূপে চালু করা হয়েছে।

২। এমতাবস্থায়, **আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. হতে** দেশের সকল উপজেলায় বালাইনাশক লাইসেন্স প্রদান, নবায়ন ও সংশ্লিষ্ট সকল কার্যক্রম **অবশ্যই prism.dae.gov.bd এর অটোমেশন সিস্টেমের মাধ্যমে সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।** উক্ত তারিখের পর হতে **কোনো প্রকার ম্যানুয়াল লাইসেন্স প্রদান সম্পূর্ণরূপে বন্ধ থাকবে।**

৩। এছাড়াও, বিদ্যমান সকল বালাইনাশক লাইসেন্সের (পাইকারী/খুচরা) বালাইনাশকসমূহকে **ধাপে ধাপে নবায়ন প্রক্রিয়ার মাধ্যমে অটোমেশন সিস্টেমে এন্ট্রি ও হালনাগাদ নিশ্চিত করার জন্য বিশেষভাবে নির্দেশ দেওয়া হলো**, যাতে একটি পূর্ণাঙ্গ ও সমন্বিত ডিজিটাল লাইসেন্স ডাটাবেজ গড়ে ওঠে।

৪। সেবার কাজে গতিশীলতা আনয়নের স্বার্থে অনলাইনে দাখিলকৃত সকল আবেদন সংযুক্ত ছকের বিবরণ অনুযায়ী ১০ কর্মদিবসের মধ্যে নিষ্পত্তির জন্য নির্দেশ প্রদান করা হইল।

৫। পাশাপাশি বালাইনাশক দোকান পরিদর্শনের জন্য সংযুক্ত ছক অনুযায়ী পরিদর্শন প্রতিবেদন দাখিলের জন্য বলা হলো।

৬। উক্ত কার্যক্রম বাস্তবায়নে কারিগরি বা অন্যান্য যেকোনো প্রয়োজনে জনাব শামীম হোসেন, উপপ্রধান তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা ও ফোকাল পয়েন্ট, পেস্টিসাইড লাইসেন্সিং অটোমেশন সিস্টেম, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর সাথে যোগাযোগ **(মোবাইল: ০১৭২২৪৯৯৯৮৭)** করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত:
১। বালাইনাশক লাইসেন্স (পাইকারী/খুচরা) অনলাইন আবেদন নিষ্পত্তির জন্য নির্ধারিত সময়সীমা
২। বালাইনাশক দোকান পরিদর্শন ছক

০৮-০২-২৬
মোঃ আব্দুর রহিম
মহাপরিচালক

উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সকল জেলা

স্মারক নং- ১২.১১.০০০০.০১১.১৪.২৫/১৫৮ তারিখ: ৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

অনুলিপি: কার্যার্থে:
১। অতিরিক্ত উপপরিচালক (উদ্ভিদ সংরক্ষণ), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সকল জেলা
২। উপজেলা কৃষি অফিসার/মেট্রোপলিটন কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (সকল জেলা) (বালাইনাশক খুচরা/পাইকারী বিক্রেতাগণকে অবহিতকরণের অনুরোধসহ)
৪। সভাপতি, বাংলাদেশ ক্রপ প্রোটেকশন এসোসিয়েনশ (সকল সদস্যদের অবহিককরণের অনুরোধসহ)
৫। বালাইনাশক খুচরা/পাইকারী বিক্রেতা (সকল)।

০৮/০২/২০২৬
ড. নাহিদা আমীন
পরিচালক (ভারপ্রাপ্ত)
উদ্ভিদ সংরক্ষণ উইং

স্মারক নং- ১২.১১.০০০০.০১১.১৪.২৫/১৭৫৮

তারিখ: ৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। অতিরিক্ত সচিব (সার ব্যবস্থাপনা ও উপকরণ), কৃষি মন্ত্রণালয়)।

২। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

৩। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

৪। পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

৫। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস

৬। অতিরিক্ত পরিচালক (বালাইনাশক প্রশাসন ও মাননিয়ন্ত্রণ), উদ্ভিদ সংরক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

৭। অতিরিক্ত পরিচালক (পেস্ট ম্যানেজমেন্ট, সার্ভিলেন্স এন্ড ফোরকাস্টিং), উদ্ভিদ সংরক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

৮। অতিরিক্ত পরিচালক (সকল অঞ্চল), কৃষি সম্প্রসারণ অধিপ্তর

৯। উপরিচালক (বালাইনাশক প্রশাসন), উদ্ভিদ-সংরক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

১০। উপরিচালক (বালাইনাশক মাননিয়ন্ত্রণ), উদ্ভিদ সংরক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

১১। উপপরিচালক (আইসিটি), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (পত্রটি ডিএই'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

১২। উপপ্রধান তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা ও ফোকাল পয়েন্ট, পেস্টিসাইড লাইসেন্সিং অটোমেশন সিস্টেম,
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

০৮/০২/২০২৬

ড. নাহিদা আমীন
পরিচালক (ভারপ্রাপ্ত)
উদ্ভিদ সংরক্ষণ উইং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, পাবনা।

www.dae.pabna.gov.bd

নম্বর - ১২.১৭.৭৬০০.০৪১.১৬.৪০৬.২৪.৩১০

তারিখ ঃ ১৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। উপজেলা কৃষি অফিসার ,............................(সকল), পাবনা। বর্নিত পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৫/০২/২৬

উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, পাবনা।

১৫/০২/২৬

## বালাইনাশক লাইসেন্স (পাইকারী/খুচরা) অনলাইন আবেদন নিষ্পত্তির জন্য নির্ধারিত সময়সীমা

| ক্র. নং | পদের নাম | কর্মপদ্ধতি | ফাইল নিষ্পত্তির সর্বোচ্চ সময় |
|---|---|---|---|
| ১ | খুচরা/পাইকারী বিক্রেতা | লাইসেন্সে বর্ণিত সময়সীমার মধ্যে আবেদন | আবেদন দাখিল |
| ২ | উপজেলা কৃষি অফিসার | আবেদন বিতরণ | ১ কার্যদিবস |
| ৩ | উপসহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা | আবেদনপত্র যা<br>চাই বাছাই এবং নথি উপস্থাপন | ২ কার্যদিবস |
| ৪ | কৃষি সম্প্রসারণ অফিসার | দোকান পরিদর্শন এবং প্রতিবেদন দাখিল | ৩ কার্যদিবস |
| ৫ | অতিরিক্ত কৃষি অফিসার | নথি অগ্রায়ন | ১ কার্যদিবস |
| ৬ | উপজেলা কৃষি অফিসার | নথি অগ্রায়ন / আবেদন প্রত্যাখান | ১ কার্যদিবস |
| ৭ | অতিরিক্ত উপপরিচালক (উদ্ভিদ সংরক্ষণ) | নথি যাচাই বাছাই এবং অগ্রায়ন | ২ কার্যদিবস |
| ৮ | উপপরিচালক | নথি অনুমোদন | ১ কার্যদিবস |

০৮/০২/২০২১

ড. নাহিদা আমীন
পরিচালক (ভারপ্রাপ্ত)
উদ্ভিদ সংরক্ষণ উইং
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা।